গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালকের কার্যালয়

যুব উন্নয়ন অধিদপ্তর

দারিদ্র্য বিমোচন ও ঋণ কর্মসূচী অধিশাখা

১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

www.dyd.gov.bd ; যুউঅ.বাংলা

স্মারক নম্বর: ৩৪.০১.০০০০.০২৮.৫৫.০০২.২২.৮২

তারিখ: ১৭ শ্রাবণ ১৪২৯

০১ আগস্ট ২০২২

বিষয়: **নতুন উদ্যোক্তা সৃষ্টির লক্ষ্যে সফল আত্মকর্মীদের মাঝে ঋণ বিতরণ কার্যক্রম বাস্তবায়ন।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২৪/১২/২০১৯ খ্রি. তারিখে অনুষ্ঠিত যুব উন্নয়ন অধিদপ্তরের ঋণ কর্মসূচি বাস্তবায়নের জন্য নীতি নির্ধারণী কমিটি (স্টিয়ারিং কমিটি)-এর সভায় ঋণ তহবিল প্রাপ্তি সাপেক্ষে আত্মকর্মসংস্থান ঋণ কর্মসূচির সিলিং প্রাতিষ্ঠানিক ঋণের ক্ষেত্রে ১ম দফায় ৬০ হাজার টাকা থেকে ১.৫০ লক্ষ টাকা পর্যন্ত, ২য় দফায় ৮০ হাজার টাকা থেকে ২.০০ লক্ষ টাকা পর্যন্ত, অপ্রাতিষ্ঠানিক ঋণের ক্ষেত্রে ১ম দফায় ৪০ হাজার টাকা থেকে ১.০০ লক্ষ টাকা পর্যন্ত, ২য় দফায় ৫০ হাজার টাকা থেকে ১.৫০ লক্ষ টাকা পর্যন্ত উন্নীতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ হতে বর্ধিত সিলিং বাস্তবায়নের জন্য অতিরিক্ত ঋণ তহবিল না পাওয়ায় মাঠ পর্যায়ে বর্ধিত এ সিলিং বাস্তবায়ন করা সম্ভব হচ্ছে না।

২০২২-২৩ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-তে উৎপাদনশীল যুবসমাজ গঠন কর্মসম্পাদনের ক্ষেত্রে উদ্যোক্তা সৃষ্টি করার জন্য সারা দেশে ১০০০ জনকে ঋণ সহায়তা প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। যুব উন্নয়ন অধিদপ্তরের বিদ্যমান ঋণ সিলিং-এর আওতায় একজন উদ্যোক্তাকে প্রদত্ত ঋণ তার কার্যক্রম সম্প্রসারণের জন্য যথেষ্ট নয়। এছাড়াও ঋণ কার্যক্রমের জুন'২২ মাসের ঋণ তহবিল বিশ্লেষণ করে দেখা যায়, বিদ্যমান ঋণ তহবিল দিয়ে প্রতিটি উপজেলায় ৩ জন করে সর্বোচ্চ ২.০০(দুই)লক্ষ টাকা করে ঋণ বিতরণ করা সম্ভব হবে। সে মোতাবেক চলতি অর্থবছরে এপিএ-এর লক্ষ্যমাত্রা অনুযায়ী নতুন উদ্যোক্তা সৃষ্টির লক্ষ্যে প্রতি উপজেলার সফল আত্মকর্মীদের মধ্যে ৩ জনকে সর্বোচ্চ ২.০০ লক্ষ টাকা পর্যন্ত ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নিধারণ করা হয়েছে। এ ঋণ বিতরণ কার্যক্রম বাস্তবায়নে নিম্নবর্ণিত নির্দেশনা প্রতিপালন করতে হবে-

**ক. ঋণ প্রত্যাশীর যোগ্যতা:**

ক.১. যুব উন্নয়ন অধিদপ্তরের প্রশিক্ষিত যুব, যিনি আত্মকর্মসংস্থান ঋণ কর্মসূচি থেকে প্রাতিষ্ঠানিক/অপ্রাতিষ্ঠানিক ট্রেডে ঋণ গ্রহণ করে নিয়মিত ঋণ পরিশোধ করে দৃশ্যমান সফলতা লাভ করছেন এবং তার গৃহীত প্রকল্পটি উপজেলার মধ্যে একটি মডেল প্রকল্প হিসেবে পরিচিতি পেয়েছে;

ক.২. ঋণের সমপরিমাণ অর্থ এবং নির্ধারিত সময়ের প্রাপ্য সার্ভিস চার্জসহ চেক প্রদানে সক্ষম ও আগ্রহী। চেকের পাতায় সিডিউল মোতাবেক ঋণ পরিশোধের সর্বশেষ তারিখ উল্লেখ করে চেক স্বাক্ষর থাকতে হবে। ঋণ পরিশোধের পর চেকটি ঋণ গ্রহীতাকে ফেরত প্রদান করতে হবে;

ক.৩. ঋণ প্রত্যাশীর ঋণ পরিশোধের জন্য একজন উপযুক্ত নিশ্চয়তাকারী থাকতে হবে। সরকারি/স্বায়ত্বশাসিত সংস্থায় কর্মরত কর্মকর্তা/ কর্মচারী অথবা স্থাবর সম্পত্তির মালিক নিশ্চয়তাকারী হতে পারবেন;

ক.৪. কোন ট্রেডে সর্বোচ্চ তিনবার ঋণ গ্রহণ করেছেন এমন আত্মকর্মী এ ঋণ পাবেন না।

**খ. ঋণ তহবিলের উৎস:** প্রতিটি উপজেলার আত্মকর্মসংস্থান ঋণের বিতরণযোগ্য ঋণ তহবিল থেকে এ ঋণ বিতরণ করা যাবে।

**গ. ঋণের পরিমাণ :** প্রাতিষ্ঠানিক ট্রেডের সফল আত্মকর্মী সর্বোচ্চ ২.০০ লক্ষ টাকা ঋণ পাবেন, অপ্রতিষ্ঠানিক ট্রেডের সফল আত্মকর্মী সর্বোচ্চ ১.৫০ লক্ষ টাকা ঋণ পাবেন। একজন সফল আত্মকর্মী সর্বোচ্চ একবারই এ ঋণ সুবিধা পাবেন।

**ঘ. গ্রেস পিরিয়ড :** এ ঋণের জন্য কোন গ্রেস পিরিয়ড বিবেচিত হবে না।

**ঙ. ঋণ পরিশোধের ধরণ:** মাসিক কিস্তিতে গৃহীত ঋণ পরিশোধিত হবে।

**চ. ঋণ পরিশোধের মেয়াদ :** ঋণের পরিমাণ ভেদে মেয়াদ ৩৬-৪৮ মাস।

চ.১. ১.৫০ লক্ষ টাকা পর্যন্ত মেয়াদ ৩৬ মাস।

চ.২. ২.০০ লক্ষ টাকা পর্যন্ত মেয়াদ ৪৮ মাস।

**ছ. সার্ভিস চার্জ :** এ ঋণের সার্ভিস চার্জ ৫%(ক্রমহ্রাসমান হারে)।

**ঝ. ঋণের আবেদন ও চুক্তির ফরম:** আত্মকর্ম ঋণের আবেদন ফরমে এ ঋণের আবেদন করতে হবে এবং আত্মকর্ম ঋণের ন্যায় ঋণী এবং নিশ্চতাকারীর সাথে ৩০০ টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তি সম্পাদন করতে হবে।

**ঞ. ঋণ অনুমোদনকারী :** জেলা ঋণ কমিটি কর্তৃক ঋণ মঞ্জুর হবে এবং আত্মকর্মসংস্থান ঋণ কর্মসূচির প্রাতিষ্ঠানিক ঋণের ন্যায় মঞ্জুরী আদেশ উপজেলা কার্যালয়ে প্রেরণ করতে হবে।

**ট. ঋণ বিতরণ প্রক্রিয়া :** আত্মকর্মসংস্থান ঋণ কর্মসূচির অনুরূপ প্রক্রিয়া অনুসরণ করে ঋণ বিতরণ করতে হবে। ঋণ বিতরণের সময় আত্মকর্মসংস্থান ঋণের সাথে ধারাবাহিকতা বজায় রেখে একটি ঋণী নম্বর দিতে হবে এবং ঋণী নম্বরের পূর্বে 'উদ্যোক্তা' শব্দটি ব্যবহার করতে হবে।

**ঠ. ঋণ আদায় :** মাসিক কিস্তিতে এ ঋণ আদায় করতে হবে। ঋণের আসল, সার্ভিস চার্জ এবং মাসিক সঞ্চয় (মাসিক ৫০/- হারে) ঋণীর পাসবইতে স্বাক্ষর করে আদায় করতে হবে। প্রতিটি উপজেলা কার্যালয়ে বিদ্যমান আত্মকর্মসংস্থান ঋণের দৈনিক আদায় রেজিষ্টারে এ ঋণের আদায়কৃত টাকা আত্মকর্মসংস্থান ঋণের আদায়কৃত টাকা সাথে লিখে একত্রে সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে জমা করতে হবে। উদ্যোক্তা ঋণের আদায়কৃত টাকার ক্ষেত্রে বিদ্যামান দৈনিক আদায় রেজিষ্টারে মন্তব্য কলামে 'উদ্যোক্তা' লিখতে হবে এবং এ ঋণের হিসাব সংরক্ষণ করার জন্য 'উদ্যোক্তা ঋণের দৈনিক আদায় রেজিষ্টার' নামে অতিরিক্ত একটি রেজিষ্টার সংরক্ষণ করতে হবে, সেখানে মাসওয়ারী বিদ্যমান দৈনিক আদায় রেজিষ্টারে 'উদ্যোক্তা' চিহ্নিত অর্থ আলাদাভাবে লিপিবদ্ধ করতে হবে।

১-৮-২০২২
মোঃ আজহারুল ইসলাম খান
মহাপরিচালক (গ্রেড-১)

উপ-পরিচালক (সকল জেলা) যুব উন্নয়ন অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৪.০১.০০০০.০২৮.৫৫.০০২.২২.৮২/১(৯)

তারিখ: ১৭ শ্রাবণ ১৪২৯
০১ আগস্ট ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর
২) উপসচিব, যুব অধিশাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
৩) সহকারী পরিচালক, আইসিটি অধিশাখা , যুব উন্নয়ন অধিদপ্তর
৪) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, --------------------- (সকল) উপজেলা, ---------------------- জেলা।
৫) সাঁট লিপিকার , মহাপরিচালকের দপ্তর , যুব উন্নয়ন অধিদপ্তর

১-৮-২০২২
মোঃ শাহীনূর রহমান
উপ-পরিচালক